

# যুগান্তর

আইটি ও টেকনিক্যাল ট্রেড

## ১২শ' জনকে বিনামূল্যে প্রশিক্ষণ সঙ্গে চাকরি

প্রকাশ : ২৩ সেপ্টেম্বর, ২০১৬ ০০:০০:০০

বেসরকারি উন্নয়ন সংস্থা টিএমএসএস স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের আওতায় ১২ শতাধিক নারী-পুরুষকে প্রশিক্ষণ দেবে। পিকেএসএফের অর্থায়নে আইটি ও বিভিন্ন টেকনিক্যাল ট্রেডে বিনামূল্যে এ প্রশিক্ষণ দেয়া হবে। প্রশিক্ষণ শেষে কাজের মূল্যায়নের ভিত্তিতে দেয়া হবে সনদ। এছাড়া টিএমএসএসের জব প্লেসমেন্ট সেন্টারের মাধ্যমে ৭০ শতাংশ প্রশিক্ষার্থীকে সংশ্লিষ্ট ক্ষেত্রে চাকরি পাওয়ায় সহায়তা করা হবে। পাওয়া যাবে ঋণ সুবিধাও। বিস্তারিত জানাচ্ছেন এম এ রহমান

যেসব বিষয়ে প্রশিক্ষণ : যারা হাতে কলমে কাজ শিখে চাকরি করে কিংবা ব্যবসায় হাত দিয়ে নিজের পায়ে দাঁড়াতে চান, টিএমএসএস তাদের জন্য সুখবরই এনে দিল। প্রতিষ্ঠানটি ২০১৭ সাল পর্যন্ত বিভিন্ন সময়ে ১ হাজার ২৭৫ জনকে প্রশিক্ষণ দেবে। এই প্রশিক্ষণ কাজে লাগিয়ে আপনি স্বপ্ন ছুতে পারেন। ওয়েব ডিজাইন ও গ্রাফিকস ডিজাইন এবং আইটি সাপোর্ট সার্ভিস কোর্সটির মেয়াদ ছয় মাস। এইচএসসি বা সমমান অথবা ডিপ্লোমা ইন কম্পিউটার ইঞ্জিনিয়ারিং পাস করা ব্যক্তির এ বিষয়ে প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবেন। আউটসোর্সিং (আইসিটি) : কোর্সটির মেয়াদ তিন মাস। এইচএসসি বা সমমান অথবা ডিপ্লোমা ইন কম্পিউটার ইঞ্জিনিয়ারিং পাস হলেই আবেদন করা যাবে। অটোমোবাইল মেকানিকস/ইলেকট্রনিক অ্যান্ড ইলেকট্রিক্যাল ওয়ার্ক/ প্লাস্টিং অ্যান্ড পাইপ ফিটিং এবং ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন কোর্স : এর মেয়াদ ছয় মাস। পঞ্চম শ্রেণী পাস হলেই আবেদন করা যাবে। রড বাইন্ডিং/স্ট্রিট ফিকচার, সল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেটাল ওয়ার্ক কোর্স : মেয়াদ তিন মাস। এই বিষয়ে প্রশিক্ষণ নিতে হলে ন্যূনতম পঞ্চম শ্রেণী পাস হতে হবে।

আবেদন প্রক্রিয়া : আবেদনকারীদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। যে কোনো ট্রেডের ক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে। ফরম সংগ্রহ করা যাবে টিএমএসএসের অফিস ও নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্র থেকে।

বাছাই : আবেদনের পর প্রার্থী বাছাইয়ের সময় শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতা, কাজ করার মানসিকতা, শারীরিক যোগ্যতা, কাজ শেখার আগ্রহ, সাধারণ জ্ঞান যাচাই করা হবে। এছাড়া মৌখিক এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশ নিতে হবে। আইটি-বিষয়ক কোর্সে ইংরেজিতে দক্ষতা থাকতে হবে। দুই পদ্ধতিতে প্রশিক্ষণ দেয়া হবে হাতে-কলমে। তাত্ত্বিক ২০ শতাংশ এবং ব্যবহারিক ক্লাস হবে ৮০ শতাংশ।

সনদ, চাকরি ও ঋণ সুবিধা : প্রশিক্ষণের জন্য কোনো ফি গুনতে হবে না। তবে আবাসন ফি হিসেবে তিন মাসের কোর্সে ২১০০ টাকা এবং ছয় মাসের কোর্সে ৪২০০ টাকা জমা দিতে হবে। প্রশিক্ষণ শেষে কাজের মূল্যায়নের ভিত্তিতে দেয়া হবে সনদ। এছাড়া টিএমএসএসের জব প্লেসমেন্ট সেন্টারের মাধ্যমে ৭০ শতাংশ প্রশিক্ষার্থীকে সংশ্লিষ্ট ক্ষেত্রে চাকরি পাওয়ায় সহায়তা করা হবে। পাওয়া যাবে ঋণ সুবিধাও।

ভর্তি তথ্য : ভর্তি তথ্য পেতে নিয়মিত চোখ রাখুন পত্রিকায়। এছাড়া প্রতিষ্ঠানটির ওয়েবসাইটেও এ বিষয়ে জানতে পারবেন। অনলাইনে আবেদন করতে পারেন [www.tti-bd.info](http://www.tti-bd.info) ও [www.tmss-bd.org](http://www.tmss-bd.org)-এই দুটি ওয়েবসাইটে।

যোগাযোগ : এছাড়া যে কোনো তথ্যের জন্য টিএমএসএস ভবন, ৬৩১/৫ পশ্চিম কাজীপাড়া, মিরপুর-১০, ঢাকা ঠিকানায় যোগাযোগ করতে পারেন। বিস্তারিত জানতে টিএমএসএস অফিস ঢাকা : মুঠোফোন ০১৭২২৩৭৮০১০; চট্টগ্রাম : ০১৭৩১৯০০৩৭০; খুলনা : ০১৭২০১১৭৩৫৫ : বগুড়া : ০১৭২২৬৮৮৪৬৪, ০১৭১০৮৪৬৩৮২, ০১৭১৯০২৬৯৩৫ ও রংপুর : ০১৭১৭৯৬৪৬৫৪।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত। পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০ E-mail: [jugantor.mail@gmail.com](mailto:jugantor.mail@gmail.com)

Print